

নংবাসককস/পঃ নিঃ (ক্যাডার) শাখা-৪৭/২০০৯/৩৮৭

তারিখ : ০৪/০৭/ ২০১০ ইং।

## বিজ্ঞপ্তি

### ২৮তম বিসিএস এর প্রার্থীদের লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রদান প্রসঙ্গে।

২৮তম বিসিএস পরীক্ষা-২০০৮ এর বিজ্ঞাপনের ২৪ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

২। লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদেরকে এ বিজ্ঞাপনে প্রদত্ত কমিশনের নির্ধারিত আবেদনপত্রের ছক পূরণ করে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ট্রেজারী চালান (১/০৮০১/০০০০/২০৩১ কোড নম্বরে জমা দিতে হবে) এর মূলকপি সহ কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), এর পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকাস্থ দফতরে জমা দিতে হবে।

৩। আগামী ০২-০৮-২০১০ তারিখ সোমবার বিকাল ৪.০০ টা পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে। উক্ত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

৪। নম্বরপত্র প্রদানের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অকৃতকার্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৫। বিশেষভাবে উল্লেখ্য, নম্বরপত্র প্রদানের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০২-০৮-২০১০ তারিখের পর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা হবে। সুতরাং, কমিশন থেকে নম্বরপত্র না পেলে কোন প্রার্থী উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য দরখাস্ত করতে পারবেন না।

৬। এ বিজ্ঞপ্তি এবং নিম্নোক্ত নমুনা আবেদনপত্রটি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েব সাইট-এ পাওয়া যাবে।

### নম্বরপত্র প্রাপ্তির নমুনা আবেদনপত্র

বরাবর  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
পুরাতন বিমান বন্দর ভবন  
তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিষয় : ২৮তম বিসিএস এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রদান প্রসঙ্গে।


মহোদয়,

২৮তম বিসিএস এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির জন্য নিম্নে আমার তথ্যাদি প্রদান করলাম।

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান  
এখানে স্ট্যাম্প দিতে লাগাবেন

১।	আবেদনকারীর পূর্ণ নাম (ইংরেজীতে ক্যাপিটাল লেটারে)	:	
২।	রেজিস্ট্রেশন নম্বর (ইংরেজীতে)	:	
৩।	জন্ম তারিখ (ইংরেজীতে)	:	
৪।	নিজ জেলা	:	
৫।	সোনালী ব্যাংক লিঃ এর শাখার নাম ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান নম্বর ও তারিখ	:	

বিনীত  
প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

  
আ.ই.ম. নেহার উদ্দিন  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

